

ফোন :
অফিস : ৯৫১১২৯৩,
৯৫৫৫১৩৩
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763

স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২০(৩য় খন্ড)/৬১

তারিখঃ ০৯-১২-২০২০ খ্রিঃ

দপ্তরাদেশ

“কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার সীমান্ত নিরাপত্তা উন্নয়ন করার জন্য উখিয়া ও টেকনাফ উপজেলায় নাফ নদী বরাবর পোল্ডারসমূহের (৬৭/এ, ৬৭, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন” (১ম সংশোধিত) এর উপর গত ০৩/১২/২০২০খ্রিঃ অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ডিপিপি পুনঃনিরীক্ষা করার লক্ষ্যে প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাহাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম ও পদবি	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	ড. শ্যামল চন্দ্র দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	ড. মোঃ খাইরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	বিজিবি এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৫।	উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), সড়ক উপ-বিভাগ-২, কক্সবাজার।	সদস্য
৬।	জনাব মোঃ আমিরুল ইসলাম, আইডব্লিউএম, ঢাকা।	সদস্য
৭।	জনাব তানভির আহমেদ, সহযোগী বিশেষজ্ঞ, পানি সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, সিইজিআইএস, ঢাকা।	সদস্য
৮।	জনাব মোঃ মশিহুর রহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৯।	জনাব মোঃ দুলাল মিয়া, গবেষণা কর্মকর্তা (মৃত্তিকা), প্রধান প্রকৌ.(পুর) পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
১০।	নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার পওর বিভাগ, বাপাউবো, কক্সবাজার।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - মূল প্রকল্পের ৮টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও বিদ্যমান ৪৬টি রেগুলেটর মেরামত/পুনর্বাসন-এর পরিবর্তে পুরাতন অবকাঠামোগুলিকে অপসারণ করে নতুন ৩৩টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ;
 - ৩টি ব্রিজ/কালভার্ট এবং ৬টি বক্স আউটলেট নির্মাণ;
 - মূল প্রকল্পের ৬০.৬০ কিঃমিঃ এর পরিবর্তে ৬১.৭৩০ কিঃমিঃ বাঁধ পুনঃনির্মাণ/পুনর্বাসন;
 - ১৫টি (২৫ কিঃমিঃ) খাল খনন/পুনঃখনন;
 - জমি অধিগ্রহণ ও বনায়ন;
 - বিজিবির টহল নির্বিঘ্ন করে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে সোলার লাইট, এইচবিবি সড়ক, জেট নির্মাণ, বে নির্মাণ, টহল পোষ্ট, বাস্কার নির্মাণ ইত্যাদির সংস্থান।
- সীমান্তবর্তী এলাকায় বিজিবির টহল ব্যবস্থাকে নির্বিঘ্ন করতে এবং জাতীয় নিরাপত্তার বিষয়টি জোরদার করতে সামগ্রিক দিক বিবেচনায় সংশোধিত প্রস্তাবিত ডিপিপিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট দফাসমূহের সোলার লাইট, এইচবিবি সড়ক, জেট, বে, এমজি বাস্কার, ডিউটি পোস্ট, সেনট্রি পোস্ট, পোলঘর, বিএসপি, বিআর এম ইত্যাদি নির্মাণ/পুনঃনির্মাণ ইত্যাদি কাজের ধরন, পরিমাণ ও ব্যয় এর যথার্থতা নিরূপণসহ সময় নির্ভর কর্মপরিকল্পনার বিষয়ে এবং অতিরিক্ত কোন দফা অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা নিরূপণসহ বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ে দিক নির্দেশনা প্রদান করবেন;
- বর্তমানে প্রস্তাবিত ভৌত কাজ বাস্তবায়নে প্রকল্পের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে বিদ্যমান পানি নিয়ন্ত্রণ অবকাঠামোসমূহের কার্যকারিতা, গ্রহণযোগ্যতা ও নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজনীয়তাসহ প্রকল্পের সার্বিক দিক পুনঃবিবেচনাপূর্বক প্রয়োজন অনুযায়ী সুপারিশসহ প্রকল্প সংশোধনের যৌক্তিকতা নিরূপণ করবেন;
- খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;
- প্রযোজ্য স্কেডসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সিড়ি ও বেঞ্চ নির্মাণ, গাছপালা রোপন ও ম্যানগ্রোভ ফরেস্ট প্লান্টেশনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;
- বাপাউবোর চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে হালনাগাদ ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
- প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরূপণ করবেন;
- বাপাউবোর চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত অঙ্গসমূহের পরিমাণের হ্রাস-বৃদ্ধির যথার্থতা নিরূপণ করে প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত নকশা/প্রাক্কলন প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;